

💵 আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ হুনাইন যুদ্ধ (غَزْوَةُ حُنَيْنِ) রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

রাসূলুল্লাহ (সাঃ) মরু হতে হুনাইনের পথে (الرَّسُوْلُ عَلِيْ يُغَادِرُ مَكَّةَ إِلَى حُنَيْنِ):

৮ম হিজরীর ৬ই শাওয়াল দিবস রাসূলুল্লাহ (變) মক্কা হতে রওয়ানা হলেন। এটি ছিল মক্কা আগমনের উনিশতম দিবস। নাবী কারীম (變) এর সঙ্গে ছিল বার হাজার সৈন্য। মক্কা বিজয়ের সময় তিনি সঙ্গে এনেছিলেন দশ হাজার সৈন্য এবং মক্কার নও মুসলিমগণের মধ্য হতে সংগ্রহ করেছিলেন আরও দু' হাজার সৈন্য। এ যুদ্ধের জন্য নাবী কারীম (變) সফওয়ান বিন উমায়েরের নিকট হতে একশ লৌহ বর্ম নিয়েছিলেন এবং আত্তাব বিন উসাইদকে মক্কার গভর্ণর নিযুক্ত করেছিলেন।

দুপুরের পর এক ঘোড়সওয়ার এসে খবর দিলেন যে, 'আমি অমূক অমূক পর্বতের উপর আরোহণ করে প্রত্যক্ষ করলাম যে, বনু হাওয়াযিন গোত্র গাটি বোচকাসহ যুদ্ধের ময়দানে আগমন করেছে। মহিলা, শিশু, গবাদি সব কিছুই তাদের সঙ্গে রয়েছে। রাসূলুল্লাহ (ﷺ) মৃদু হাসির সঙ্গে বললেন, الْمُسْلِمِیْنَ غَدًا إِنْ شَاءَ اللهُ وَاللهُ وَالللهُ وَالللهُ وَاللهُ وَالللهُ وَاللهُ وَاللهُ وَاللهُ وَاللهُ وَاللهُ وَاللهُ وَالللهُ وَاللهُ

(اللهُ أَكْبَرُ، قُلْتُمْ وَالَّذِيْ نَفْسُ مُحَمَّد بِيَدهِ كَمَا قَالَ قَوْمُ مُوْسِي: اِجْعَلْ لَنَا إِلْهًا كَمَا لَهُمْ آلِهَةٌ، قَالَ: إِنَّكُمْ قَوْمٌ تَوْهُمُ مُوْسِي: اِجْعَلْ لَنَا إِلْهًا كَمَا لَهُمْ آلِهَةٌ، قَالَ: إِنَّكُمْ قَوْمٌ تَجْهَلُوْنَ، إِنَّهَا السَّنَنُ، لَتَرْكَبُنَّ سَنَنَ مَنْ كَانَ قَبْلَكُمْ).

'আল্লাহ আকবার! সে সত্তার শপথ! যাঁর হাতে রয়েছে আমার জীবন তোমরা ঠিক সেরূপ কথা বলেছ, যেমন বলেছিল মুসা (আঃ)-এর কওম, 'ইজ্আল লানা ইলা হান, কামা লাহুম আ লিহাহ' (আমাদের জন্য উপাস্য তৈরি করে দিন যেমন তাদের জন্য উপাস্য রয়েছে :) এটাই রীতিনীতি। তোমরাও পূর্বের রীতিনীতির উপর অবশ্যই আরোহণ করে বসবে।[2]

ফুটনোট

[1] আওনুল মাবুদসহ আবূ দাউদ দ্রষ্টব্য ২য় খন্ড ৩১৭ পৃঃ। আল্লাহর পথে প্রহরীর মর্যাদা অধ্যায়।



[2] তিরমিয়ী বাবুল ফিতান, তোমরা পুর্বপুরুষদের নিয়ম মেনে চলবৈ, প্রসঙ্গ ২য় খন্ড ৪১ পৃঃ।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=6407

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন